

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর  
উপজেলা প্রকৌশলীর কার্যালয়  
নানিয়ারচর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।


স্মারক নং : ৪৬.০২.৭৫০০.০০০.১৪.০৬১.২১-৩১৩

তারিখ : ০৫/১০/২০২১খ্রি।

## অফিস আদেশ

প্রধান প্রকৌশলী, এলজিইডি, মহোদয়ের স্মারক নং: ৪৬.০২.০০০০.৩২২.২৭.০০৩.১৪-৪২৫, তারিখ ১৩/০৯/২০২১ খ্রি. এবং অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, মহোদয়ের স্মারক নং: ৪৬.০২.০০০০.৯০২.১৪.১০৬৩.২০.১০২৩৫, তারিখ ২৯/০৮/২০২১ খ্রি. তারিখের অফিস আদেশের পরিপ্রেক্ষিতে অত্র নানিয়ারচর উপজেলার এলজিইডি- এর আওতায় সকল ঠিকাদারগণকে জানানো যাচ্ছে যে, এলজিইডি কর্তৃক প্রাথমিক শিক্ষা অবকাঠামো উন্নয়ন প্রকল্প/ কর্মসূচীর আওতায় অতিরিক্ত শ্রেণীকক্ষ ও অন্যান্য অংশের নির্মাণ কাজ বাস্তবায়িত হচ্ছে। পিপিআর-২০০৮ এর বিধি ৩৯(৩) ধারা মোতাবেক প্রত্যাশিত তারিখ বর্ধিত করতে হলে কাজ সমাপ্তির নির্ধারিত সময় অতিক্রান্ত হওয়ার পূর্বেই সময় বর্ধিতকরণের আবেদন সদর দপ্তর প্রেরণ করার নিয়ম থাকলেও অনেক ক্ষেত্রে দেখা যাচ্ছে কাজ সমাপ্তির নির্ধারিত সময় অতিক্রান্ত হওয়ার চুক্তির মেয়াদ বৃদ্ধির জন্য আবেদন করা হচ্ছে, যা গ্রহণযোগ্য নয়। সময় সীমা বর্ধিতকরণের আবেদন প্রেরণের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়গুলো অনুসরণ করার জন্য বলা হলো।

- ১। কাজ সমাপ্তির সময়সীমা অতিক্রান্তের কমপক্ষে ২৮ পূর্বেই সময় বর্ধিতকরণের আবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে।
- ২। সময় বর্ধিতকরণের যুক্তিযুক্ত কারণ উল্লেখ করতে হবে।
- ৩। সময় বর্ধিতকরণের ফরমেট(সংযুক্ত) যথাযথভাবে পূরণ করতে হবে।
- ৪। Expected Time Limit এর সাথে Programme of Works হবে।
- ৫। পিপিআর-২০০৮ অনুযায়ী পারফরমেন্স সিকিউরিটি বাবদ জমাকৃত ব্যাংক গ্যারান্টির মেয়াদ থাকতে হবে।

  
০৫/১০/২১খ্রি.

উপজেলা প্রকৌশলী  
এলজিইডি, নানিয়ারচর  
রাঙ্গামাটি পার্বত্য জেলা।

035141012


mail : [ue.nanniarchar@lged.gov.bd](mailto:ue.nanniarchar@lged.gov.bd)

স্মারক নং : ৪৬.০২.৭৫০০.০০০.১৪.০৬১.২১-৩১৩

তারিখ : ০৫/১০/২০২১ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হইল :-

- ১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, রাঙ্গামাটি অঞ্চল, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, নানিয়ারচর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
- ৩। ঠিকাদার(সকল), জনাব.....
- ৪। নিজস্ব ওয়েবসাইটের নোটিশ বোর্ড

  
০৫/১০/২১খ্রি.

উপজেলা প্রকৌশলী  
এলজিইডি, নানিয়ারচর  
রাঙ্গামাটি পার্বত্য জেলা।

035141012

mail : [ue.nanniarchar@lged.gov.bd](mailto:ue.nanniarchar@lged.gov.bd)